ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯৪৪
খোয়াই,২৫ জুলাই,২০২৫

# খোয়াই জেলায় এখন পর্যন্ত ৬৩,৭২৫টি বাড়িতে পানীয়জলের সংযোগ

চলতি অর্থবর্ষের ২৪ জুলাই পর্যন্ত খোয়াই জেলার অন্তর্গত ৬টি ব্লক এলাকার জল জীবন মিশনে ৬৩,৭২৫টি বাড়িতে পাইপলাইনের মাধ্যমে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এরমধ্যে কল্যাণপুর ব্লকে ১০,২৭৯টি, খোয়াই ব্লকে ১২,৯৩৩টি, মুঙ্গিয়াকামী ব্লকে ৫,২২৪টি, পদ্মবিল ব্লকে ৮,৬১৫টি, তেলিয়ামুড়া ব্লকে ১৭,১১১টি ও তুলাশিখর ব্লকে ৯,৫৬৩টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। ডি.ডব্লিউ.এস. নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

*****